

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ময়-৬০/২০১৮/১৩৫৩৪ তারিখ : ১৯ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কাতলাসেন কাদেরিয়া কামিল মাদরাসা, ডাকঘর: আলিমনগর, উপজেলা: সদর, জেলা: ময়মনসিংহ এর কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০২.১০.২০২৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

১. ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন সম্পন্ন করতে হবে এবং বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে।
২. শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে আরবি ও ইংরেজি ক্লাসের সময় সংশ্লিষ্ট ভাষায় লেকচার প্রদান করতে হবে।
৩. ক্যাশ বই সবসময় হালনাগাদ রাখতে হবে।
৪. প্রতিষ্ঠানের হিসাব কার্য পরিচালনা ও বিল ভাউচারগুলো সংরক্ষণে আরো স্বচ্ছ ও আন্তরিক হতে হবে।
৫. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

Dmd ০৪.১২.২০২৩

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল : ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

কাতলাসেন কাদেরিয়া কামিল মাদরাসা,

ডাকঘর: আলিমনগর, উপজেলা: সদর, জেলা: ময়মনসিংহ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ময়-৬০/২০১৮/১৩৫৩৪ তারিখ : ১৯ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্লিনসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৬। সভাপতি, কাতলাসেন কাদেরিয়া কামিল মাদরাসা, ডাকঘর: আলিমনগর, উপজেলা: সদর, জেলা: ময়মনসিংহ।
- ৭। অফিস নথি।

Asad
০৪/১২/২০২৩

(এস.এফ.এম. আস্‌আদ আউয়াল)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল : ০১৬৮০-১৪৭৬১৩